



## কাকরাইলে জাতীয় পার্টি কার্যালয়ে হামলা ও অগ্নিসংযোগে উত্তেজনা



সংগৃহীত ছবি

রাজধানীর কাকরাইলে জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্যালয়ে বিক্ষোভকারীদের হামলা ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ লাঠিচার্জ করেছে। এর আগে বিভিন্ন জেলায়ও জাপার অফিসে ভাঙচুর ও অগ্নিসংযোগের অভিযোগ ওঠে। ঘটনাটি নুরুল হক নুরের ওপর হামলার প্রতিবাদের ধারাবাহিকতায় ঘটেছে বলে জানা গেছে।

শনিবার (৩০ আগস্ট) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে রাজধানীর কাকরাইল এলাকায় জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্যালয়ে হামলা ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানায়, একদল বিক্ষোভকারী মিছিল নিয়ে জাপার কার্যালয়ের দিকে যায় এবং কিছুক্ষণ পর তারা সড়ক ও ভবনে আগুন ধরিয়ে দেয়। এ সময় উত্তেজনা ছড়িয়ে পড়লে পুলিশ লাঠিচার্জ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এর আগে বিকেলে কার্যালয়ে সংবাদ সম্মেলনে জাতীয় পার্টির একাংশের মহাসচিব শামীম হায়দার পাটোয়ারী অভিযোগ করেন, মশাল মিছিলের আড়ালে শুক্রবারও অফিসে আগুন ধরানোর চেষ্টা হয়েছিল। তিনি সেনাবাহিনীর উপস্থিতিতে নেতাকর্মীদের সুরক্ষায় কার্যকর উল্লেখ করে দেশের মঙ্গলের জন্য আরও দৃশ্যমান হওয়ার আহ্বান জানান।

ঘটনার ধারাবাহিকতায় রাজধানী ছাড়াও ঠাকুরগাঁও, টাঙ্গাইল, ময়মনসিংহ ও রাজশাহীতে জাতীয় পার্টির বিভিন্ন কার্যালয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগের অভিযোগ পাওয়া গেছে।

উল্লেখ্য, শুক্রবার রাতে বিজয়নগরে জাতীয় পার্টি ও গণ-অধিকার পরিষদের সংঘর্ষের পর গণ-অধিকার পরিষদ মশাল মিছিল করে। ওই সময় আইনশৃঙ্খলা বাহিনীর লাঠিচার্জের অভিযোগ তুলে দলটির নেতারা ক্ষোভ প্রকাশ করেন। সংঘর্ষে গুরুতর আহত অবস্থায় গণ-অধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর বর্তমানে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন।